# প্রতীকী

(কবি প্রেমেন্দ্র মিত্র-র জন্মশতবর্ষ স্মরণে। সেপ্টেম্বর, ২০০৩)

মনে পড়ে---
কোন এক জন্মদিনে সেই কবিতার বই
উপহার এলো যেন কবিতার মতোই
আদ্যন্ত রোমান্টিক এক সুদৃশ্য জ্যাকেটে
ঝোড়ো এক বন্ধুর স্বপ্নঝোলা থেকে --
সাগর থেকে ফেরা --নীল, শুধু নীল
শূন্যে ডানা মেলে ওড়া কটা গাঙচিল
কবি ও কবিতায় স্বতঃপ্রেম প্রতীকে শামিল।

সে বয়সে বোঝাপড়া সহজ সলাজ
ক্যালকুলেটারে মাপা নয়, যেটা হয় আজ।
বেহিসাবী যদি হয়, বেপরোয়া তবু নয়
বজ্রআঁটুনী ভারে অসহায় বিপন্ন সময়।
ফস্কা গেরো যে হতো না, তাও নয়, তবু
ফস্কাতে পারিনি আমি, তাই ভেবে
এ জোনাকী মন আজও জ্বলে আর নেভে।

রঞ্জন মিত্র